# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 01 May, 2025

ঢাকার নয়াপল্টনে মহান মে দিবস উপলক্ষে জাতীয়তাবাদী শ্রমিক দলের উদ্যোগে আয়োজিত সমাবেশে নেতা-কর্মীদের ঢল নেমেছে।

আজ বৃহস্পতিবার বেলা দুইটার দিকে সমাবেশ শুরু হওয়ার কথা থাকলেও তার অনেক আগেই নয়াপল্টন নেতা-কর্মীদের মিলনমেলায় পরিণত হয়।

প্রত্যক্ষদর্শী দুজন বলেন, দুপুর ১২টার পর থেকেই ঢাকাসহ আশপাশের জেলা থেকে খণ্ড খণ্ড মিছিল নিয়ে সমাবেশস্থলে জড়ো হতে থাকেন বিএনপির নেতা-কর্মীরা।

এই সমাবেশকে কেন্দ্র করে নয়াপল্টন এলাকা হয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ হয়ে গেছে।বিপুলসংখ্যক পুলিশ সদস্যকে দায়িত্বপালন করতে দেখা গেছে।

নয়াপল্টন বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে আয়োজিত এই সমাবেশে প্রধান অতিথি হিসেবে যুক্ত হবেন দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।তিনি লন্ডন থেকে ভার্চুয়ালি বক্তব্য দেবেন।সমাবেশে সভাপতিত্ব করবেন জাতীয়তাবাদী শ্রমিক দলের সভাপতি আনোয়ার হোসেন, সঞ্চালনা করবেন সাধারণ সম্পাদক তুহিনুল ইসলাম।

সমাবেশস্থলে উপস্থিত হয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসসহ কেন্দ্রীয় ও অঙ্গসংগঠনের নেতারা।

সমাবেশের শুরুতে সাংস্কৃতিক পরিবেশনা করছে জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থার

(জাসাস) শিল্পীরা। পরিবেশিত হচ্ছে দেশাত্মবোধক গান ও গণসংগীত। পাশাপাশি দলের ঘরানার শিল্পীরাও শ্রমজীবী মানুষের অধিকার নিয়ে গান পরিবেশন করছেন ।

নেতা কর্মীদের অনেকে মাথায় লাল, সবুজ, কালো, সাদা রঙের টুপি ও দলীয় টি-শার্ট পরে সমাবেশস্থলে অবস্থান করছেন।সমাবেশস্থলের বিভিন্ন স্থানে চলছে স্লোগান, ঢাক-ঢোলের শব্দ ও দলীয় সংগীত।পুরো এলাকা উৎসবমুখর হয়ে উঠেছে।

ঢাকা জাতীয়তাবাদী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 01:48

URL: https://www.timestodaybd.com/public/politics/4335601718